গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ,ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং ঃ ৩৪.০১.০০০০.০৩৬.১৮.০০১.১২(অংশ-২)- ২৫৬ তারিখ ঃ ২৮/১০/২০১৭খ্রিঃ

বিষয় ঃ প্রশিক্ষণ প্রাপ্ত ও আত্মকর্মীর নামের তালিকা জেলা পোর্টালে আপলোড প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, "কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ" শীর্ষক প্রকল্পের আওতায় ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্পের জুলাই ও আগষ্ট/২০১৭ খ্রিঃ মাসের অগ্রগতির উপর মাসিক পর্যালোচনা সভা গত ১৭-০৯-২০১৭ খ্রিঃ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, আপনার আওতাধীন উপজেলাসমূহ হতে অত্র প্রকল্পের আওতায় যে সমস্ত বেকার যুবক/যুবমহিলাকে প্রশিক্ষণ প্রদান ও আত্মকর্মী করা হয়েছে তাদের নামের তালিকা জেলা পোর্টালে আপলোড করতে হবে(কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, জোরদারকরণ প্রকল্পের অধীনে আপনার আওতাধীন উপজেলাসমূহের প্রশিক্ষণার্থী ও আত্মকর্মীর নামের তালিকা আপনার ওয়েব পোর্টালে দ্রুত আপলোড করে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হলো।

বিষয়টি অতীব জরুরী।

২৮/১০/১৭

(এ,এইচ,এম,সামসুজ্জামান)
প্রকল্প পরিচালক(যুগ্ম-সচিব)
"কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ" প্রকল্প
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
ফোন ঃ ০২-৪৭১১৩১৯০

প্রাপক ঃ

উপ-পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
-------------------জেলা।

অনুলিপিঃ

০১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর,--------------------উপজেলা--------------------জেলা (আপনার কার্যালয়ের আওতায় যে সমস্ত বেকার যুবক/যুবমহিলাকে প্রশিক্ষণ প্রদান করেছেন ও আত্মকর্মসংস্থানে নিয়োজিত আছেন তাদের নামের তালিকার সফট কপি(পূর্বে প্রেরিত ছক মোতাবেক) পিআইইউ কার্যালয়ে এবং জেলা কর্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
০২। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা(পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অফিস কপি।

sohorab-E:\Project file\Training all\Traing-2017.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
পরিকল্পনা- ০৪ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়: ২০১৭-১৮ অর্থ বছরের ADP ভুক্ত প্রকল্প সমূহের জুলাই এবং আগস্ট /২০১৭ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতায় ২০১৭-১৮ অর্থ বছরের ADP ভুক্ত প্রকল্পসমূহের জুলাই এবং আগস্ট/২০১৭ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা ১৭-৯-[illegible] তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব মোঃ আসাদুল ইসলাম এর সভাপতিত্বে মন্ত্রণালয়ের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট-'ক' তে দেয়া হলো।

সভার শুরুতেই সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের উপ-প্রধান সভার কার্যপত্র মোতাবেক আলোচ্য বিষয় [illegible] করেন। তিনি সভায় অবহিত করেন যে, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতাধীন ০৩টি দপ্তর/সংস্থা (০১)যুব উন্নয়ন অধিদপ্তর (০২) জাতীয় ক্রীড়া পরিষদ এবং (০৩) [illegible] ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান এর মোট ২২টি উন্নয়ন প্রকল্প ২০১৭-১৮ অর্থ বছরের ADP-তে অর্ন্তভুক্ত রয়েছে। এই প্রকল্পগুলোর অনুকূলে মোট ২৬৬৫৫.০০ লক্ষ টাকা [illegible] রয়েছে। এ বরাদ্দ হতে জুলাই এবং আগস্ট/২০১৭ পর্যন্ত ৫২৬৪.৭৫ লক্ষ টাকা অবমুক্ত হয়েছে, যা মোট বরাদ্দের ১৯.৭৫% এবং ব্যয় হয়েছে ৫৩৮.৪৯ লক্ষ টাকা, যা মোট বরাদ্দের ২.০২%। তিনি সভায় আরও অবহিত করেন যে, আগস্ট/২০১৭ পর্যন্ত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রকল্পের আর্থিক অগ্রগতির হার ২.০২%। জাতীয় পর্যায়ে ADP [illegible] অগ্রগতির হার ৫.০০%। বিগত ২০১৬-১৭ অর্থ বছরের আগস্ট /২০১৬ পর্যন্ত ADP বাস্তবায়ন অগ্রগতি হার ছিল ৪.২৫ %। সভাপতি প্রকল্প পরিচালকগণকে প্রকল্প [illegible] অগ্রগতির হার বৃদ্ধির জন্য তাগিদ প্রদান করেন।

প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| | আলোচনা | | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | | | যুব উন্নয়ন অধিদপ্তর: |
| ০১ | "অবশিষ্ট ১১টি জেলায় যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন" শীর্ষক প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২১৪৫০.৪৫ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল জুলাই/২০১০ হতে জুন/২০১৮ পর্যন্ত। প্রকল্পটির অনুকূলে ২০১৭-১৮ অর্থবছরের ADP-তে ৫৫১৩.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে এবং অর্থছাড় করা হয়েছে ১১৯৬.৩৪ লক্ষ টাকা, যা মোট বরাদ্দের ২১.৮১%। ব্যয় করা হয়েছে ১০০.০০ লক্ষ টাকা, যা মোট বরাদ্দের ১.৬%। জুন/২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ১৫২৩৬.৪৫ লক্ষ টাকা, যা মোট প্রাক্কলিত ব্যয়ের ৭১.০৩%। শুরু থেকে আগস্ট/১৭ পর্যন্ত ব্যয় ১৫৩৩৬.৪৫ লক্ষ টাকা, যা মোট বরাদ্দের ৭১.৪৯%। | (ক) | প্রকল্পের আওতায় যে সকল কেন্দ্রের নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে সে সকল কেন্দ্রে প্রশিক্ষণ কার্যক্রম দ্রুত শুরু করতে হবে এবং তার তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। |
| | | (খ) | মানিকগঞ্জ ও গাজীপুর কেন্দ্রের নির্মাণ কাজ প্রকল্প মেয়াদে সমাপ্তির জন্য বিশেষ কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে এবং তা বাস্তবায়নে প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে। |
| | | (গ) | ডিপ টিউবয়েলসহ সকল পূর্ত কাজের প্রাক্কলন পাওয়া গেছে তার দরপত্র এ মাসের মধ্যে আহ্বান করতে হবে। |
| | | (ঘ) | প্রকল্পটির অনুকূলে ২০১৭-২০১৮ অর্থ বছরে যে পরিমান অর্থের প্রয়োজন হবে তা হিসাব করে অবশিষ্ট অর্থ উপযোজন/ সমর্পণের প্রস্তাব মন্ত্রণালয়ে দ্রুত প্রেরণ করতে হবে। |
| | | (ঙ) | যে সকল কাজের প্রাক্কলন এখনো পাওয়া যায়নি তা প্রদানের জন্য পরামর্শক প্রতিষ্ঠানকে তাগিদপত্র প্রদান করতে হবে। |
| | "কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জোরদার-করণ" শীর্ষক প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১০৩৮২.৬১ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল জানুয়ারি/২০১২ হতে ডিসেম্বর/২০১৭ পর্যন্ত। প্রকল্পটির অনুকূলে ২০১৭-১৮ অর্থবছরের ADP তে ১২৭৫.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে এবং অর্থছাড় করা হয়েছে ১২৭১.৩১ লক্ষ টাকা, যা মোট বরাদ্দের ৯৯.৮৩%। ব্যয় করা হয়েছে ০.০০ লক্ষ টাকা, যা মোট বরাদ্দের ০.০০%। জুন/২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৯১৭৬.৭৩ লক্ষ টাকা, যা মোট প্রাক্কলিত ব্যয়ের ৮৬.৭১ %। শুরু থেকে আগস্ট/২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৯১৭৬.৭৩ লক্ষ টাকা, যা মোট বরাদ্দের ৮৬.৭১%। | (ক) | ঋণ বিতরণ, আদায় এবং প্রশিক্ষণের মান নিশ্চিত করার জন্য মন্ত্রণালয়/অধিদপ্তরের কর্মকর্তাগণ মাঠ পর্যায়ে পরিদর্শন জোরদার করবে। |
| | | (খ) | প্রকল্পের আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত কর্মী ও আত্মকর্মীদের বিস্তারিত তথ্য সংরক্ষণের জন্য ডাটাবেজ তৈরি করতে হবে এবং তা যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইট ও জেলা পোর্টালে আপলোড করতে হবে। |
| | | (গ) | প্রকল্পের আওতায় মাঠ পর্যায়ে ঋণ বিতরণের লক্ষ্যে ঋণ খাতে বরাদ্দকৃত অর্থ অগ্রিম উত্তোলনের জন্য যথাযথ ব্যবস্থা নিতে হবে। |
| | | (ঘ) | মাঠ পর্যায়ে প্রকল্প বাস্তবায়নের অভিজ্ঞতা, বিশেষজ্ঞ এর পরামর্শ এবং প্রকল্পের মধ্যবর্তী মূল্যায়নের আলোকে প্রকল্পের ২য় পর্বের জন্য ব্যাপক পরিসরে ডিপিপি প্রণয়নপূর্বক দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। |